

## মেধাবীদের লেখাপড়ার সুযোগ করে দিতে হবে

প্রধান বিচারপতি  
হোসেনপুর (কিশোরগঞ্জ) সুবোধনাভা  
প্রধান বিচারপতি মো: মোজাম্মেল  
হোসেন বলেছেন, মেধাবী শিক্ষার্থীদের  
লেখাপড়ার সুযোগ সৃষ্টি করে দিতে  
হবে। তাদেরকে শুধু কেতাবি ও  
পুস্তিগত পাঠ দিলেই চলবে না;  
নৈতিকতা ও অদর্শগত শিক্ষাও দিতে  
হবে।

শনিবার উপজেলার ডাহরা  
গোলপুকুরপাড় সৈয়দুল্লাহ আলিম  
মাদ্রাসার চারতলা বিশিষ্ট আকরাম  
হোসেন একাডেমিক ভবন  
উদ্বোধনকালে তিনি এ কথা বলেন।  
প্রতিষ্ঠানের সভাপতি ও ইউএনও  
মোহাম্মদ সফিউল আলমের  
সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন  
ব্যারিষ্টার মোতাহার হোসেন,  
মোদাফির হোসেন, কিশোরগঞ্জ  
সার্কেলের এএসপি ফজলে রাকী,  
জেলা পরিষদের সহকারী প্রকৌশলী  
মাহবুবুর রহমান, ওসি মো: নান্নু  
মোস্তা, উপজেলা আওয়ামী লীগের  
সহ-সভাপতি জাহিরুল ইসলাম নুরু  
মিয়া, অধ্যক্ষ মো: আব্দুল কাইয়ুম  
মামুন প্রমুখ।